# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
## ৩৭/এ দিলকুশা বা/এ
## ঢাকা-১০০০।

এস. আর. ও. নং --------/২০২৫ ।- বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ১৪৮ (ধারা ৮১ এর সহিত পঠিতব্য), এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন** ।- (১) এই প্রবিধানমালা 'বীমাকারীর উপদেষ্টা নিয়োগ (যোগ্যতা ও অভিজ্ঞতা) প্রবিধানমালা, ২০২৫' নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা** ।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় –

(ক) 'আইন' অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) 'কর্তৃপক্ষ' অর্থ আইনের ধারা ২(১০) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) 'বীমাকারী' অর্থ আইনের ধারা ২(২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী;

(ঘ) 'সিনিয়র ম্যানেজমেন্ট' অর্থ বীমাকারী মুখ্য নির্বাহী কর্মকর্তা (CEO), অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (Addl. MD), উপ ব্যবস্থাপনা পরিচালক (DMD), প্রধান আর্থিক কর্মকর্তা (CFO), কোম্পানি সচিব (CS), প্রধান বিনিয়োগ কর্মকর্তা (CIO), প্রধান ঝুঁকি কর্মকর্তা (CRO), অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্সের প্রধান (HIAC) পদে কর্মরত ব্যক্তিগণ;

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **উপদেষ্টার নিয়োগ/পুনঃনিয়োগ পদ্ধতি:** (১) বীমাকারীর পরিচালনা পর্ষদ প্রবিধি-৪ এ উল্লেখিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে উপদেষ্টা নিয়োগ/পুনঃনিয়োগ করিতে পারিবে। তবে কর্তৃপক্ষ কর্তৃক পূর্বানুমোদনের জন্য বীমাকারীকে উক্ত নিয়োগ/পুনঃনিয়োগ প্রস্তাবের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে:

(ক) নির্ধারিত দায়িত্ব ও কর্তব্যের বিবরণসহ উপদেষ্টা নিয়োগের যৌক্তিকতা,

(খ) খসড়া নিয়োগপত্র ও চুক্তিপত্রের কপি,

(গ) জীবন বৃত্তান্তসহ সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি,

(ঘ) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের কপি,

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি,

(চ) পরিচালনা পর্ষদের এতদসংক্রান্ত সিদ্ধান্তের কপি,

(ছ) প্রবিধি-৮ মোতাবেক অযোগ্যতা না থাকার স্বপক্ষে প্রস্তাবিত ব্যক্তির একটি হলফনামাসহ আবেদন পত্র; এবং

(জ) পুনঃনিয়োগের ক্ষেত্রে, বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক উপদেষ্টার কাজের মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদন যাহা বীমাকারীর চেয়ারম্যান কর্তৃক প্রতিস্বাক্ষরিত।

(২) উপ-প্রবিধি (১) এ বর্ণিত চুক্তিপত্রে উপদেষ্টার দায়িত্ব ও কর্তব্য সুস্পষ্টভাবে উল্লেখ থাকিবে।

(৩) নিয়োগকৃত উপদেষ্টাকে পুন:নিয়োগ করিতে চাহিলে নিয়োগ চুক্তির মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(৪) কর্তৃপক্ষ উপদেষ্টা পদে নিয়োগ বা পুনঃনিয়োগের আবেদনপত্র পাইবার ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সিদ্ধান্ত জানাইবেন।



মোহাঃ আব্দুল মজিদ
পরিচালক (উপ-সচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৪। **উপদেষ্টা হিসাবে নিয়োগ লাভের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা।**– কোন ব্যক্তির কোন বীমাকারীর উপদেষ্টা হিসেবে নিয়োগলাভের জন্য নিম্নলিখিত অন্যূন একটি ক্ষেত্রে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে:-

(১) বীমাকারীর মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে ৩(তিন) বৎসর সফলভাবে দায়িত্ব পালন করিয়াছেন।

(২) নিম্নলিখিত যেকোন একটি স্বীকৃত পেশাগত ডিগ্রী বা পদধারী, যাহার অন্যূন ৩ (তিন) বৎসরের বীমা সংশ্লিষ্ট কর্ম অভিজ্ঞতা বিদ্যমানঃ-

(ক) Institute and Faculty of Actuaries, UK বা Society of Actuaries, USA এর Fellow বা Associate;

(খ) International Actuarial Association (IAA) এর সদস্যভূক্ত Actuarial Professional Body হইতে প্রাপ্ত Fellowship বা Associateship;

(গ) Chartered Insurance Institute of UK এর Fellow বা Associate;

(ঘ) Life Management Institute (Life Insurance Industry Accreditation) of USA এর Fellow বা Associate।

(৩) Associate of Bangladesh Insurance Academy (ABIA) এর ডিগ্রীধারী, যাহার অন্যূন ৬ (ছয়) বৎসরের কর্ম অভিজ্ঞতা বিদ্যমান।

(৪) নিম্নলিখিত যেকোন একটি স্বীকৃত পেশাগত ডিগ্রী বা পদধারী, যাহার অন্যূন ৬ (ছয়) বৎসরের কর্ম অভিজ্ঞতা বিদ্যমানঃ-

(ক) Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এর Fellow বা Associate;

(খ) Institute of Chartered Accountants of England and Wales এর Fellow বা Associate;

(গ) Association of Chartered Certified Accountants (ACCA) এর Fellow বা Associate;

(ঘ) Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) এর Fellow বা Associate;

(ঙ) Chartered Financial Analyst (CFA) of USA;

(চ) Certified Public Accountants (CPA) of USA or Canada।

(৫) ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি) এবং আইসিএসবি কর্তৃক প্রদত্ত চার্টার্ড সেক্রেটারীজ (CS) ডিগ্রী যাহার অন্যূন ৯ (ছয়) বৎসরের কর্মঅভিজ্ঞতা (বীমা সেক্টরে অন্যূন ৩ (তিন) বৎসরসহ)।

(৬) সরকারের অবসর প্রাপ্ত কোন উপসচিব বা তদূর্দ্ধ কর্মকর্তা যাহার দেশের বীমা খাতের উন্নয়নে সরকারের নীতি নির্ধারণীর ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা রহিয়াছে এবং যাহার আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বীমা অনুবিভাগ বা অধিনস্ত প্রতিষ্ঠান যথা- বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ/জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন/বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমিতে ৩ (তিন) বৎসরের বীমা বিষয়ক কাজের অভিজ্ঞতা রহিয়াছে।

(৭) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বা রিস্ক ম্যানেজমেন্ট বিষয়ের অধ্যাপক, যাহার অন্যূন ১২ (বারো) বৎসরের কর্মঅভিজ্ঞতা রহিয়াছে।

(৮) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রীর অধিকারীসম্পন্ন ব্যক্তি, যাহার বীমাকারীর সিনিয়র ম্যানেজমেন্টে কমপক্ষে ৬ (ছয়) বৎসরের কর্মঅভিজ্ঞতা।

মোহাঃ আব্দুল মজিদ
পরিচালক (উপ-সচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৫। **উপদেষ্টা নিয়োগের মেয়াদকাল:** (১) উপদেষ্টা হিসাবে সর্বোচ্চ ৩(তিন) বৎসর পর্যন্ত চুক্তিভিত্তিক নিয়োগ করা যাইবে।

(২) তিনি প্রতি বৎসর ৩১শে জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরে তাঁহার দায়িত্বকালীন সময়ের কার্যক্রম সম্পর্কে পরিচালনা পর্ষদের নিকট একটি প্রতিবেদন দাখিল করিবেন। বীমা প্রতিষ্ঠান পরিচালনায় বীমা গ্রাহকের স্বার্থের পরিপন্থি কোনো বিষয় পরিলক্ষিত হইলে তিনি উক্ত প্রতিবেদনে তা উল্লেখ করিবেন।

(৩) নিয়োগের মেয়াদ শেষে পরিচালনা পর্ষদের প্রস্তাব মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদনের ভিত্তিতে ৭৬ (ছিয়াত্তর) বৎসর পর্যন্ত পুনঃনিয়োগ করা যাইবে।

৬। **উপদেষ্টার পারিশ্রমিক ও অন্যান্য আর্থিক সুবিধাদি:** (১) উপদেষ্টা পদ বীমাকারীর জনবল কাঠামোতে স্থায়ী পদ হিসাবে গণ্য হইবে না।

(২) চুক্তিভিত্তিক উপদেষ্টার পারিশ্রমিক (যাহা কোনভাবেই সংশ্লিষ্ট বীমাকারীর মুখ্য নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি অপেক্ষা বেশি হইবে না) ও অন্যান্য সুবিধাদি বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হইবে এবং তাহা উপদেষ্টার নিয়োগ চুক্তিতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকিবে।

(৩) উপরে বর্ণিত দফা-২ অনুযায়ী সুযোগ সুবিধা উপদেষ্টার অভিজ্ঞতা, যোগ্যতা, বীমাকারীর কাজের পরিধি, আর্থিক অবস্থা, ব্যবসায়ের পরিমাণ ইত্যাদি বিষয় বিবেচনায় বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) চুক্তির মেয়াদকালীন চুক্তিপত্রের শর্তাবলীতে উপরে বর্ণিত দফা-২ অনুযায়ী সুযোগ সুবিধা পরিবর্তন করা যাইবে না এবং পুনঃনিয়োগের সময় উপদেষ্টার কাজের পরিধি ও যোগ্যতা এবং দক্ষতা বিবেচনায় নিয়ে উপরে বর্ণিত দফা-২ অনুযায়ী সুযোগ সুবিধার পুন:নির্ধারণ প্রস্তাব বীমাকারী পরিচালনা পর্ষদের সুপারিশক্রমে কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে।

৭। **উপদেষ্টা নিয়োগে অযোগ্যতা:** কোন ব্যক্তি উপদেষ্টা হিসাবে নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত কারণে তিনি উপদেষ্টা পদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি-

(ক) তিনি বা তার পরিবারের কোন সদস্য সংশ্লিষ্ট বীমাকারীর উদ্যোক্তা শেয়ারহোল্ডার কিংবা পরিচালক কিংবা মুখ্য নির্বাহী কর্মকর্তা হন;

(খ) তিনি বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের স্থায়ী নিবাসী না হন;

(গ) তিনি শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন;

(ঘ) তিনি কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বলিয়া ঘোষিত হন;

(ঙ) তিনি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণখেলাপী হিসাবে ঘোষিত হন;

(চ) তিনি নৈতিক স্খলনজনিত কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হইয়া আদালত কর্তৃক অন্যূন ৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব মেয়াদের কারাদন্ডে দন্ডিত হন এবং উক্ত দন্ড হইতে মুক্তি লাভের পর ৩ (তিন) বছর সময় অতিক্রান্ত না হয়;

(ছ) তিনি অন্য কোন বীমা কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠানে কোন পদে থাকাকালীন তাহার পদের ক্ষমতার অপব্যবহার বা দূর্নীতির কারণে অপসারিত হইয়া থাকেন;

(জ) তিনি কোন ব্যাংক, বীমা বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হন;

(ঝ) তিনি কোন কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগের অযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছেন;

(ঞ) মানি লন্ডারিং/আর্থিক অপরাধ/প্রতারণার কারণে কর্তৃপক্ষ বা দুর্নীতি দমন কমিশন বা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অভিযুক্ত হইলে, উক্ত অভিযোগ হইতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত;

(ট) কারো বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে অনুসন্ধান কার্য/ফৌজদারী মামলা চলমান থাকিলে তিনি উক্ত অনুসন্ধান কার্য/ফৌজদারী মামলা হইতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত।

মোহাঃ আব্দুল মজিদ
পরিচালক (উপ-সচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৮। **উপদেষ্টার অপসারণ পদ্ধতি:** (১) কোন বীমাকারী বা উপদেষ্টা ১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক উপ-প্রবিধান ৩ এ বর্ণিত নিয়োগ/পুনঃনিয়োগ চুক্তির অবসান করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে কর্তৃপক্ষকে কারণসহ অবহিত করিতে হইবে।

(২) উপরে বর্ণিত দফা-১ অনুযায়ী অপসারণের ক্ষেত্রে, চুক্তি অনুযায়ী বীমাকারী উপদেষ্টার আইনানুগ দেনা-পাওনাদি পরিশোধ করিবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

মোহাঃ আব্দুল মজিদ
পরিচালক (উপ-সচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ